

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।
ওয়েব সাইড: www.techedu.gov.bd.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-১১৬

তারিখঃ ০৭/০২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন আলহাজ্ব সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী নিয়োগ-বাছাই কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯৬.০৪.১৬১.১৭.২৪৪ তারিখঃ ০৫/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আলহাজ্ব সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য নিয়োগ-বাছাই কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করেন। আবেদন পত্রে পূর্বে ও পরে দাখিলকৃত বৈধ প্রার্থীদের তালিকায় গড়মিল, বাকশিবো কর্তৃক নিয়োগ-বাছাই কমিটির মেয়াদ উত্তীর্ণ, চাহিত প্রতিটি পদের বিপরীতে ০৩ জন করে বৈধ প্রার্থী না থাকা, আবেদনকারীদের অনেকের নিবন্ধন সনদ সংশ্লিষ্ট বিষয়ে নয় এবং সংশ্লিষ্ট ইনডেক্স নম্বর ও বিষয় গড়মিল থাকায় মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেয়া সম্ভব হয়নি।

- ২। মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন না পাওয়ায় প্রতিষ্ঠানের সভাপতি সংস্কৃদ্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং- ২৯৮/২০১৭ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বাদীর ০৫/০১/২০১৭খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত আবেদন এক(০১) মাসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করেন।
- ৩। উল্লেখ্য, ০৫/০১/২০১৭খ্রিঃ তারিখে উক্ত প্রতিষ্ঠান হতে নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়নি।
- ৪। আবেদন যাচাই-বাছায়ের জন্য ভিন্ন ভিন্ন সময়ে দাখিলকৃত সকল কাগজ পত্রের মূলকপি (রেজুলেশন বহি, প্রার্থীর আবেদন পত্র ও তালিকা, সকল সনদ পত্র, পত্রিকার কপি, নিয়োগ-বাছাই কমিটির কপি, ট্রেড অ্যাফিলিয়েশনের প্রমানক পত্র, হালনাগাদ ম্যানেজিং কমিটির মেয়াদ সংক্রান্ত প্রমানক, ছাত্র-ছাত্রীদের ০৩ বছরের অনলাইনের রেজাল্ট শীট, সর্বশেষ এমপিও শীট, কর্মরত জনবলের নাম, পদবী ও বিষয় উল্লেখসহ তালিকা, মন্ত্রণালয় কর্তৃক প্রতিষ্ঠানের এমপিও ভুক্তির আদেশ, হালনাগাদ এ্যাফিলিয়েশন ফি প্রদানের প্রমানক) এবং উহার একসেট সত্যায়িত ফটোকপিসহ উক্ত প্রতিষ্ঠান প্রধানকে আগামী ১২/০২/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় উপস্থিত থেকে যাচাই কার্যে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রাপকঃ
অধ্যক্ষ
আলহাজ্ব সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-১১৬(০৮)

তারিখঃ ০৭/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৪। সংযুক্ত কর্মকর্তা (আইন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। সভাপতি, আলহাজ্ব সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়, উপজেলাঃ সুন্দরগঞ্জ, জেলাঃ গাইবান্ধা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৭। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আতিকুর রহমান)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।